মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **এপ্রিল ২০১৫** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১২ মে ২০১৫**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/ বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	১৯১	৫৪
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৬০	৩০৪
মোট	**১,৫০৯**	**১,১৫১**	**৩৫৮**

ক. ২ শূন্য পদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১১	১০	২০	১৩	৫৪
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৬	২১	১০১	০৩	১৮১*

* সুপারনিউমেরারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্য পদের নাম	গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্য পদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০২-০৩ এপ্রিল ২০১৫ মেয়াদে খুলনা জেলা সফর করেন। ২। ১০-১১ এপ্রিল ২০১৫ মেয়াদে চট্টগ্রাম জেলা সফর করেন।	১৫-১৭ এপ্রিল ২০১৫ মেয়াদে পাকিস্তানের ইসলামাবাদে তৃতীয় সার্ক মন্ত্রিপরিষদ সচিব সভায় অংশগ্রহণ করেন।	
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Improving Public Administration and Services Delivery through E-Solution: Improving GRS (Output-3)	০.৮৭	০.৫০৬৬ কোটি টাকা ব্যয়ের শতকরা হার ৫৮%	-	-	'National Integrity Strategy (NIS) Support Project' শীর্ষক একটি প্রকল্প ২২ এপ্রিল ২০১৫ তারিখে অনুমোদিত হয়।

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশীটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	০৭ টি	০.২৩	০০	০০	০৭ টি	মন্ত্রিপরিষদ বিভাগের ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা (মামলা নম্বর ৭/২০০০) রয়েছে, যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	০০	০০	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**২৮টি**	৯৮৩.৩৮	০৪	০০	**২৮টি**	-

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা/ বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
মন্ত্রিপরিষদ বিভাগ-২	-	-	-	-	০২	-
দুর্নীতি দমন কমিশন-১৩	০২	-	-	-	১৫	০২

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা / এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ		‘সার্ক তৃতীয় মন্ত্রিপরিষদ সচিব সভায় অংশগ্রহণ’ স্থান: ইসলামাবাদ, পাকিস্তান। ‘Public Procurement’ স্থান: জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, ঢাকা।	১৫-১৭ এপ্রিল ২০১৫ ২৬-৩০ এপ্রিল ২০১৫	মন্ত্রিপরিষদ বিভাগ জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	দুই জন (অতিরিক্ত সচিব ও সিনিয়র সহাকারী সচিব) এক জন (সিনিয়র সহাকারী সচিব)
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা:

(১) মন্ত্রিপরিষদ বিভাগের প্রশিক্ষণ খাতের বরাদ্দ হতে ২১ এপ্রিল ২০১৫ তারিখ থেকে অভ্যন্তরীণ প্রশিক্ষণ শুরু করা হয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: তিন জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নাই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত সাতটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ ২০১৫) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।

(৩) ১৯৮৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের বিজ্ঞপ্তি, কার্যবিবরণী ও সার-সংক্ষেপসমূহের মোট সাত খন্ড রেকর্ড জাতীয় আরকাইভস-এ হস্তান্তরের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী সার-সংক্ষেপ অনুমোদন করেছেন। এ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম অব্যাহত রয়েছে।

(৪) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৩৬তম সভা ২৬ এপ্রিল ২০১৫ তারিখে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়।

(৫) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় পক্ষ এবং এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুইটি সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী বরাবর প্রেরণ করা হয়।

(৬) ০৬ এপ্রিল ২০১৫ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয়সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৫টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৭) ০৬, ১৩, ২০ ও ২৭ এপ্রিল ২০১৫ তারিখে নারায়ণগঞ্জ, শরীয়তপুর, ভোলা, ঝালকাঠি, চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, হবিগঞ্জ, মুন্সিগঞ্জ, মাদারীপুর, জয়পুরহাট, সিরাজগঞ্জ, ঝিনাইদহ ও নড়াইল জেলা উন্নয়ন সমন্বয় এবং বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, বরিশাল ও খুলনার সঙ্গে ভিডিও কনফারেন্স করা হয়।

(৮) বিদেশি দূতাবাস/মিশন এবং বিদেশি সাহায্য সংস্থা কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ১৪টি পত্র জারি করা হয়।

(৯) মাননীয় অর্থমন্ত্রীর ২০১৫-১৬ অর্থ-বছরের বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য এ বিভাগের সংকলিত প্রতিবেদন ১২ এপ্রিল ২০১৫ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়।

(১০) আধুনিক সিঙ্গাপুরের স্থপতি ও প্রথম প্রধানমন্ত্রী এবং বাংলাদেশের শুভানুধ্যায়ী লি কুয়ান ইউ ২৩ মার্চ ২০১৫ তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৯১ বছর। লি কুয়ান ইউ ১৯৫৯ থেকে ১৯৯০ সাল পর্যন্ত দীর্ঘ ৩১ বছর সিঙ্গাপুরের নেতৃত্ব প্রদান করেছেন। ১৯৯০ সালে প্রধানমন্ত্রীর পদ পরিত্যাগের পরও আমৃত্যু তিনি ছিলেন জাতির অভিভাবক। সিঙ্গাপুরকে একটি উন্নত, সুশৃঙ্খল ও স্থিতিশীল রাষ্ট্রে রূপান্তরের ক্ষেত্রে তাঁর সাফল্য আন্তর্জাতিক পরিমণ্ডলে ব্যাপক স্বীকৃতি লাভ করেছে। তাঁর নির্দেশিত বৈদেশিক নীতির ফলে সিঙ্গাপুরের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক উপর্যুপরি জোরদার হয়েছে। বিশেষত সাম্প্রতিক সময়ে তথা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের আমলে দু'দেশের সম্পর্ক দৃঢ়তর হয়েছে এবং সিঙ্গাপুরে বহু বাংলাদেশি কর্মসংস্থানের সুযোগ পেয়েছেন। এই মহান ব্যক্তির মৃত্যুতে এশিয়া তথা সমগ্র বিশ্ব এক প্রজ্ঞাবান ও দূরদর্শী নেতাকে হারাল। প্রজ্ঞাবান ও দূরদর্শী নেতা লি কুয়ান ইউ'-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে এবং সিঙ্গাপুরের সরকার ও জনগণের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ৩০ মার্চ ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়। এ সংক্রান্ত ০১ এপ্রিল ২০১৫ তারিখে প্রজ্ঞাপন সকলের অবগতির জন্য প্রকাশ করা হয়।

(১১) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারি সফরে ২১ এপ্রিল ২০১৫ তারিখ বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-১০৮৬ ফ্লাইট যোগে ইন্দোনেশিয়ার উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১২) মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ সরকারি সফরে ২৯ এপ্রিল ২০১৫ তারিখ সিঙ্গাপুর এয়ারলাইন্সের এসকিউ-৪৪৭ ফ্লাইট যোগে সিঙ্গাপুরের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(১৩) গাজীপুর জেলায় অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট-এর আদালত পরিদর্শন প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুরকে অনুরোধ জানানো হয়।

(১৪) রংপুর জেলায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত নম্বর-২ পরিদর্শন প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, রংপুরকে অনুরোধ জানানো হয়।

(১৫) বিএনপি-জামায়াত কর্তৃক সরকারি অফিসসমূহে নাশকতা পরিচালনা ও অগ্নিসংযোগ ঘটনার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ম্যাজিস্ট্রেট ও সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় পাক হানাদার বাহিনী ও তাদের সহযোগী শান্তি কমিটি, রাজাকার, আল-বদর ও আল-সামস বাহিনী কর্তৃক হত্যা, গণহত্যা, ধর্ষণ, লুণ্ঠন, অগ্নিসংযোগ, মানবতাবিরোধী অপরাধ এবং অন্যান্য অপরাধের তদন্ত কাজে সহায়তার জন্য তথ্য-উপাত্ত প্রেরণ সংক্রান্ত প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, খুলনা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) মোবাইল কোর্ট পরিচালনার জন্য অভিনন্দন জ্ঞাপন বিষয়ে জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ ও কুমিল্লা এবং সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) বরগুনা জেলার তালতলী উপজেলা হতে হিন্দু পরিবারের একসঙ্গে বসতবাড়ি ত্যাগ সম্পর্কিত প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) মোবাইল কোর্টের আওতাধীন আপিল মামলার প্রমাপ অর্জন বিষয়ে ১০ জন জেলা ম্যাজিস্ট্রেট ও সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির আওতায় মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জন বিষয়ে তিন জন জেলা ম্যাজিস্ট্রেট ও সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে ফৌজদারি কার্যবিধির আওতায় মামলা নিষ্পত্তির প্রমাপ অর্জন সংক্রান্ত বিষয়ে ছয় জন জেলা ম্যাজিস্ট্রেট ও সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) ঢাকা মহানগর এলাকায় দোতলা টিনশেড বাড়ি দুর্ঘটনা প্রসঙ্গে সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) র‍্যাব-০৯ কর্তৃক মাদকসহ ডিসিপুলের গাড়ি আটকের বিষয়ে তদন্ত প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কমিশনার, সিলেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) কক্সবাজার জেলার উখিয়া উপজেলাধীন উখিয়া রেঞ্জের উখিয়া সদর বিটের নিয়ন্ত্রণাধীন এলাকায় বিধি-বর্হিভূতভাবে গড়ে উঠা স্থাপনা উচ্ছেদ কার্যক্রমের বিষয়ে অগ্রগতি প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত ৩৫ জন, বিজ্ঞ আদালতে এফআরটি গৃহীত হওয়ায় সাত জন, নথিভুক্তির সংখ্যা ১৬৬ এবং তদন্তে অপরাধ প্রমাণিত না হওয়ায় ১৬ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয় অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৬) বিভিন্ন আইনে ৬৭৯ জন কর্মকর্তাকে মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা এবং নয় জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা অর্পণ করা হয়।

(২৭) এপ্রিল ২০১৫ মাসে আইন কোষ হতে মোট ২২টি পত্র পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(২৮) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ কর্তৃক এপ্রিল ২০১৫ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। এজন্য প্রমাপ অর্জনকারী কর্মকর্তাগণের ধন্যবাদ জ্ঞাপন এবং প্রমাপ অর্জনের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসের KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(২৯) বিভিন্ন দেশের High Commissioner, Ambassador ও দূতাবাসের কর্মকর্তা বিভিন্ন জেলা সফর করেন। সফরকালে তাঁদেরকে উপযুক্ত সৌজন্য প্রদর্শন, প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ও নিরাপত্তা বিধানের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়।

(৩০) জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে সিলেট জেলার সিলেট সদর উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৩১) বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকাকে যুক্তরাষ্ট্র; অতিরিক্ত বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে পবিত্র হজ্জ পালনের লক্ষ্যে সৌদি আরব; জেলা প্রশাসক, নরসিংদীকে ভারত; জেলা প্রশাসক, পাবনাকে রাশিয়ায় ভ্রমণের জন্য মঞ্জুরিকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি ভোগের জন্য কর্মস্থল ত্যাগের অনুমতি প্রদান করা হয়।

(৩২) জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ নির্বাচনি এলাকার শূন্য ঘোষিত আসনের নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সজাগ থেকে অর্পিত নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান এবং নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত দুটি পরিপত্র জারি করা হয়।

(৩৩) প্রতিবেদনাধীন মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১০ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গিয়েছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ছয় জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার জন্য এবং দুই জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৪) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ৩৭টি জেলার জেলা প্রশাসক বরাবর ৭৪টি পত্র প্রেরণ করা হয়।

(৩৫) ‘ঐতিহাসিক মুজিবনগর’ এবং ‘মহান মে দিবস, ২০১৫’ উদ্‌যাপন উপলক্ষে সকল জেলা প্রশাসক এবং সকল উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের জরুরি ঔষধ ও জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর সরবরাহ স্বাভাবিক রাখার জন্য সহায়তা প্রদান সংক্রান্তে সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) খাদ্যে ভেজাল রোধের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) ‘প্যাগোডাভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা’ শীর্ষক প্রকল্পের আঞ্চলিক (জেলা) মনিটরিং কমিটি গঠনের বিষয়ে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০-এর বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ সংক্রান্ত পত্রটি সকল বিভাগীয় কমিশনার বরাবর প্রেরণ করা হয়।

(৪১) প্রস্তাবিত ময়মনসিংহ প্রশাসনিক বিভাগ গঠনের জন্য জনবল খাতে প্রয়োজনীয় অর্থের পরিমাণ নিরূপন সংক্রান্ত পত্রটি সিনিয়র সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৪২) ‘মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম’ ষষ্ঠ পর্যায় শীর্ষক অনুমোদিত প্রকল্পে কেয়ারটেকার ও শিক্ষক নিয়োগ কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অন্তর্ভুক্তকরণে সম্মতি প্রদান করা হয়।

(৪৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্ন্যান্স ইনোভেশন ইউনিটের মহাপরিচালক কর্তৃক বরগুনা জেলা এবং জেলা প্রশাসক, ভোলা কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত পত্রটি জেলা প্রশাসক, বরগুনা ও ভোলা বরাবর প্রেরণ করা হয়।

(৪৪) জাতীয় পরিবেশ কমিটির তৃতীয় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সংক্রান্ত পত্রটি সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৪৫) ২০১৫-১৬ অর্থ-বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) জন্য প্রকল্প-প্রস্তাব সংক্রান্ত একটি পত্র আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।

(৪৬) সিআরভিএস পাইলটের পরিকল্পনাপত্র (Planning paper) অনুমোদিত হয় এবং এর বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়।

(৪৭) ‘ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব ক্যাবিনেট ডিভিশন’ শীর্ষক কর্মসূচির আওতায় Programming Language (Java.net Platform/php) & Relational Database Management System (SQL Server/DB2/Oracle/MySql) for the 1st Class Officers of Cabinet Division সংক্রান্ত প্রশিক্ষণ ১৬ এপ্রিল ২০১৫ তারিখে সমাপ্ত হয়।

(৪৮) মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়নাধীন ‘ভিডিও কনফাসেন্সিং-এর মাধ্যমে মাঠ প্রশাসনের সঙ্গে সমন্বয়’ শীর্ষক কর্মসূচির আওতায় সংস্থাপিত যন্ত্রপাতির Final Acceptance Test (FAT) সম্পাদনে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(৪৯) ০৬ এপ্রিল ২০১৫ তারিখে বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ কর্মকর্তাগণের অংশগ্রহণে ‘Workshop on Promotion of Integrity by Training Institution’ শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৫০) ২৬ এপ্রিল ২০১৫ তারিখে তথ্য অধিকার বিষয়ক ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত হয়।

(৫১) ০২ এপ্রিল ২০১৫ তারিখে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

(৫২) এপ্রিল ২০১৫ মাস পর্যন্ত বিভিন্ন তারিখে সচিব (সমন্বয় ও সংস্কার)-এর উপস্থিতিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিবের সভাপতিত্বে ৪০টি মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (মে - জুন) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৬) ১৯৮৮ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৭) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৮) Social Security Policy Support (SSPS) Programme-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রকল্প-প্রস্তাব (Technical Project Proforma); অনুমোদনের নিমিত্ত পরিকল্পনা কমিশনে প্রেরণ।

(৯) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(মো: আবদুল্লাহ হারুন)
উপসচিব (সংযুক্ত)
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd